

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

স্মারক নং- ২১৭২

তারিখ : ২০ এপ্রিল ২০২২ খ্রিষ্টাব্দ।

স্থায়ী কমিটির সভার নোটিশ :

এতদ্বারা অত্র উপজেলার উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটির সম্মানিত সদস্যবৃন্দকে জানানো যাচ্ছে যে, অত্র কমিটির দ্বিমাসিক সভা আগামী ২৪ এপ্রিল ২০২২ খ্রিষ্টাব্দ তারিখ সময়ঃ সকাল ১০.০০ ঘটিকায় উপজেলা পরিষদ সভাকক্ষে জনাব মোঃ রুকনুজ্জামান, উপজেলা ভাইস চেয়ারম্যান এর সভাপতিত্বে অনুষ্ঠিত হবে।


আপনাকে উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয় :

- ১। গত সভার মন্তব্য পাঠ ও অনুমোদন।
- ২। অর্থ সংক্রান্ত।
- ৩। উন্নয়ন মূলক।
- ৪। অপারেশনাল।
- ৫। বিবিধ।

প্রাপক

জনাব.....
.....
নাগেশ্বরী, কুড়িগ্রাম।


সদস্য সচিব

উপজেলা কৃষি ও সেচ বিষয়ক কমিটি
ও
উপজেলা কৃষি অফিসার
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

স্মারক নং-উকৃঅ/নাগ/কুড়ি/২০২২/

সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

- ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
- ৩। অফিস কপি।

তারিখ :

স্বাক্ষরিত







সদস্য সচিব

উপজেলা কৃষি ও সেচ বিষয়ক কমিটি
ও
উপজেলা কৃষি অফিসার
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

- বিষয় : উপজেলা কৃষি ও সেচ বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী।
সভাপতি : মোঃ রুকনুজ্জামান ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাগেশ্বরী।
তারিখ : ২৪ এপ্রিল ২০২২ খ্রিঃ, সময় : সকাল ১০.০০ টা
স্থান : উপজেলা কৃষি কর্মকর্তার কার্যালয়, নাগেশ্বরী, কুড়িগ্রাম।

উপস্থিতি স্বাক্ষর :

ক্রঃ নং	নাম	পদবী	স্বাক্ষর	মন্তব্য
১	মোঃ রুকনুজ্জামান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাগেশ্বরী কুড়িগ্রাম।	সভাপতি		
২	চেয়ারম্যান, বেরুবাড়ী ইউপি, নাগেশ্বরী কুড়িগ্রাম।	সদস্য		
৩	উপজেলা মৎস্য অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম	সদস্য		
৪	উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, নাগেশ্বরী, কুড়িগ্রাম।	সদস্য		
৫	উপ-সহকারী প্রকৌশলী, বিএমডিএ, নাগেশ্বরী, কুড়িগ্রাম।	সদস্য		
৬	উপ-সহকারী প্রকৌশলী বিএডিসি নাগেশ্বরী, কুড়িগ্রাম।	সদস্য		
৭	মোঃ শাহরিয়ার হোসেন, উপজেলা কৃষি অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম।	সদস্য সচিব		

আলোচ্য বিষয় :

- ১। গত সভার মন্তব্য পাঠ ও অনুমোদন।
- ২। অর্থ সংক্রান্ত।
- ৩। উন্নয়ন মূলক।
- ৪। অপারেশনাল।
- ৫। বিবিধ।

আলোচনা ও সিদ্ধান্ত ৪-

১ নং বিষয়ে আলোচনা শুরু হলে উপজেলা কৃষি অফিসার গত সভার কার্যবিবরণী পাঠ করেন এবং অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন।


সিদ্ধান্ত ৪ গত সভার কার্যবিবরণীর উপর বিস্তারিত আলোচনাস্তে অনুমোদনের সিদ্ধান্ত গৃহিত হয়।

২ নং বিষয়ে আলোচনা শুরু হলে উপজেলা কৃষি অফিসার জানান যে, এ বিষয়ে তেমন কোন আলোচনা না থাকায় পরবর্তী আলোচনার অনুরোধ করেন।

৩ নং বিষয়ে আলোচনা শুরু হলে উপজেলা কৃষি কর্মকর্তা জানান যে, চলতি অর্থ বছরে চরাঞ্চলে মিষ্টি কুমড়া ও ভুট্টা চাষে কৃষকদের উদ্বুদ্ধ করার লক্ষ্যে জাইকার অর্থায়নে দক্ষতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে। আগামীতে এ উপজেলার জন্য উপযোগী আরো কি কি বিষয়ে প্রশিক্ষণ আয়োজন করা যায় এ বিষয়ে সকলের মতামত কামনা করেন।

৪ নং বিষয়ে আলোচনা শুরু হলে চেয়ারম্যান, বেরুবাড়ী ইউপি জানান যে, তার ইউনিয়নে বিএমডিএ কর্তৃক রোপনকৃত কিছু গাছ পরিচর্যার অভাবে নষ্ট হয়ে যাচ্ছে। যাতে গাছের চারাগুলো নষ্ট হয়ে না যায় এ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করেন।

৫ নং বিবিধ বিষয়ে অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্য সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ রুকনুজ্জামান)

ভাইস চেয়ারম্যান,

উপজেলা পরিষদ, নাগেশ্বরী কুড়িগ্রাম।